NESCO

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি
(An Enterprise of Bangladesh Power Development Board)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) এর দপ্তর
প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০
www.nesco.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং- ২৭.২৯.০০০০.০১১.১১.০০৭.২০-০৯১ তাং- ০৫/০৬/২০২৪ খ্রি.

নিয়োগপত্র

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি এর নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত প্রার্থীগণকে এ নিয়োগপত্রের শর্ত সাপেক্ষে সহকারী ব্যবস্থাপক (লিগ্যাল এন্ড কর্পোরেট অ্যাফেয়ার্স) পদে মেধার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	মেধাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম	প্রার্থীর জন্ম তারিখ	স্থায়ী ঠিকানা
১	১	৩৭০০২৫	মাকসুদা নিশাত উর্মি	মোঃ ওসমান গণি	০৪-১১-১৯৯৫	গ্রাম/বাসা/হোল্ডিং নং: ১৬২, ইসলামপুর ডাকঘর: চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০ থানা/উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ সদর জেলা: চাঁপাইনবাবগঞ্জ
২	২	৩৭০২০৬	গোলাম মোর্শেদ	মোঃ মোসলেম উদ্দিন রাড়ী	০৮-০৫-১৯৯৬	গ্রাম/বাসা/হোল্ডিং নং: রামকাঠী ডাকঘর: চুড়ামন-৮২০০ থানা/উপজেলা: বরিশাল সদর জেলা: বরিশাল

প্রযোজ্য শর্তাবলিঃ

১. নিয়োগ চুক্তির মেয়াদ:

০১ (এক) বছর প্রবেশন পিরিয়ডসহ এ নিয়োগ-চুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর। তবে, কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে প্রবেশন পিরিয়ড আরো ছয় মাস বৃদ্ধি করতে পারবেন। সন্তোষজনকভাবে প্রবেশন পিরিয়ড সম্পন্নকরণ, অন-দ্যা-জব প্রশিক্ষণ প্রতিবেদন বা ফাউন্ডেশন ট্রেনিং সনদ, সন্তোষজনক পুলিশ তদন্ত প্রতিবেদন, সন্তোষজনক বার্ষিক গোপনীয় প্রতিবেদন, সম্পদ বিবরণী, পারফরমেন্স বিবরণী এবং স্বাস্থ্যগত সনদ বিবেচনা সাপেক্ষে প্রার্থীর প্রবেশন পিরিয়ডসহ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ নিশ্চিতকরণ করা হবে। সন্তোষজনক কর্মকাল বিবেচনায় চুক্তির মেয়াদ শর্ত সাপেক্ষে নবায়নযোগ্য।

২. বেতন ও অন্যান্য সুবিধা:

ক)	মাসিক মূল বেতন	৳ ৫১,০০০.০০ (একান্ন হাজার) টাকা মাত্র।
খ)	বাড়ি ভাড়া ভাতা	নেসকো পিএলসি এর চাকরি বিধি অনুসারে প্রাপ্য।
গ)	চিকিৎসা ভাতা	নেসকো পিএলসি এর চাকরি বিধি অনুসারে প্রাপ্য।
ঘ)	বোনাস	
ঙ)	যানবাহন/যাতায়াত ভাতা	
চ)	বাংলা নববর্ষ ভাতা	
ছ)	প্রান্তিক/অন্যান্য সুবিধাদি	নেসকো পিএলসি এর চাকরি বিধি অনুসারে গ্র্যাচুইটি, সিপিএফ এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন যা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে সময়ে সময়ে পরিবর্তনযোগ্য।
জ)	আয়কর	সরকারের বিধিবিধান অনুযায়ী আয়কর কর্তন যোগ্য।

৩.	অব্যাহতি/চাকরিচ্যুতি/ চাকরির অবসান	প্রবেশন পিরিয়ডে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ/মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ হতে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান

		করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। চাকরি নিশ্চিতকরণের পর কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০২ (দুই) মাসের অগ্রিম নোটিশ/মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ হতে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উল্লেখ্য, বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা কিংবা দুর্নীতি, দায়িত্ব অবহেলা কিংবা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রেও কোনো কারণ দর্শানো ব্যতিরেকে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৪.	স্বেচ্ছায় পদত্যাগ	ইমপ্লয়ি প্রবেশন পিরিয়ডে ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। তবে কোন কারণে উক্ত ০১ (এক) মাস সময়ের পূর্বে পদত্যাগের জন্য নোটিশ প্রদানে ব্যর্থ হলে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। চাকরি নিশ্চিতকরণের পর ০২ (দুই) মাসের অগ্রিম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন। তবে কোন কারণে উক্ত ০২ (দুই) মাস সময়ের পূর্বে পদত্যাগের জন্য নোটিশ প্রদানে ব্যর্থ হলে ০২ (দুই) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারবেন।
৫.	চাকরির সুবিধাদি পরিবর্তন/পরিমার্জন	নেসকো পিএলসি কর্তৃপক্ষ প্রতিষ্ঠানে বিদ্যমান বিধি অথবা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগপত্রে উল্লেখিত চাকরির শর্তাবলি ও সুবিধাদি পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।
৬.	ছবি ও সনদপত্র দাখিল	যোগদানের সময় প্রার্থীর:- • সিভিল সার্জন অফিস/বিএমডিসি রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক প্রদত্ত শারীরিক কর্মক্ষমতা/যোগ্যতার সনদ; • স্বহস্তে স্বাক্ষরিত যোগদানপত্র; • অনলাইন আবেদনের কপি; • গেজেটেড (৮ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি; • গেজেটেড (৮ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের কপি; • স্থায়ী ঠিকানার সমর্থনে মেয়র/চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি; • গেজেটেড (৮ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) এর ফটোকপি এবং • গেজেটেড (৮ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মচারী কর্তৃক সত্যায়িত অভিজ্ঞতার সকল সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।
৭.	ছাড়পত্র	সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সরকারি মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
৮.	সার্টিফিকেটের তথ্য	পুলিশ তদন্ত প্রতিবেদন, শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রার্থী কর্তৃক দাখিলকৃত অন্যান্য তথ্যে গরমিল/মিথ্যা প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
০৯.	সম্পদ বিবরণী	যোগদানের সময় কোম্পানি কর্তৃক নির্ধারিত (নেসকো পিএলসি'র ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে) সম্পদ বিবরণী ফর্ম প্রার্থী কর্তৃক পূরণ করে দাখিল করতে হবে।
১০.	পুলিশ তদন্ত প্রতিবেদন	যোগদানের সময় কোম্পানি কর্তৃক নির্ধারিত (নেসকো পিএলসি'র ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে) পুলিশ তদন্ত প্রতিবেদন ফর্ম প্রার্থী কর্তৃক পূরণ করে দাখিল করতে হবে।

উপর্যুক্ত শর্তাবলিতে সম্মত থাকলে আগামী ০২-০৭-২০২৪ খ্রি. তারিখ পূর্বাহ্নে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সশরীরে উপস্থিত হয়ে ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০ বরাবর যোগদানপত্র দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে প্রার্থী বরাবর ইস্যুকৃত নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

মোঃ রফিকুল ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন)
নেসকো পিএলসি, রাজশাহী
hr.admin@nesco.gov.bd